# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2018**

**FIRST YEAR (BATCH 2018-21)**

**BENGALI (General)**

Date : 21/12/2018

Time : 11am – 2pm

Paper : I

Full Marks : 75

১। অশুদ্ধ বানান শুদ্ধ করো এবং প্রতিটি ক্ষেত্রে অশুদ্ধির কারণ উল্লেখ করো। (**যে-কোনো পাঁচটি**)ঃ (১+৩)×৫

ষ্টোর, বংগ, আকাঙ্খা, ঘর্ষন, ঋসি, অঘ্রাণ, বয়সন্ধি, পূর্বাহ্ন, ভূমিষাৎ, জমিদারী

২। অনধিক **৪০টি** শব্দে সম্পূর্ণ নিজের ভাষায় শুদ্ধ বাক্যে ও শুদ্ধ বানানে যে-কোনো **একটি** অনুচ্ছেদের সারাংশ রচনা করো। শিরোনাম দেওয়ার প্রয়োজন নেই। (১ × ১০)

ক) প্রাচীন বাংলার আহার্য সম্পর্কে বেশ কিছুটা ধারণা করা যায় ভবদেব ভট্টের ' প্রায়শ্চিত্তপ্রকরণ' গ্রন্থ থেকে। সে সময় ভাত, মাছ, মাংস, ফলমূল, শাক-সব্জি এবং নানাপ্রকারের দুধ বাঙালির প্রধান খাদ্যতালিকার অন্তর্ভুক্ত ছিল। বাঙালি ব্রাহ্মণদের মধ্যে মাছ-মাংস খাওয়া প্রচলিত ছিল, ভবদেব ভট্ট শুধুমাত্র চতুর্দশী ইত্যাদি তিথিতে এগুলি খাওয়া নিষিদ্ধ বলে উল্লেখ করে গিয়েছেন। বৃহদ্ধর্মপুরাণে বলা হয়েছে শুভ্রবর্ণ এবং আঁশযুক্ত মৎস্য, যেমন—রোহিত, শকুল, শফর ইত্যাদি ব্রাহ্মণের ভক্ষ্য ছিল। প্রাচীন বাংলার সব শ্রেণির লোকেরা মাছ খেতেন। বঙ্গাল দেশের লোকের শুঁটকি মাছ প্রিয় ছিল একথা সর্বানন্দ তাঁর 'টীকাসর্বস্ব' নামক গ্রন্থে বলেছেন। ইলিশ মাছ ও তার তেলও বাঙালির বেশ প্রিয় ছিল সেযুগে, একথা জানা যায় জীমূতবাহনের 'কলাবিবেক' গ্রন্থ থেকে।

খ) ক্ষীর ও ছানার নানারকম মিষ্টির আভিজাত্য ও জৌলুসের কাছে বাঙালিদের এককালের প্রিয় পিঠে-পায়েস আজ প্রায় একেবারেই লোপ পেতে বসেছে — কোলকাতায় তো বটেই, এমনকি পাড়াগাঁয়ের বাড়িতে বাড়িতে বারো মাসের তেরো পার্বণ উপলক্ষ্যে যেখানে আগে অতিথি-অভ্যাগতদের কাছে নানান ধরনের পিঠে পরিবেশনের রেওয়াজ ছিল, সেখানেও আজ এগুলি বিরল হয়ে এসেছে। তবে ভাজাপুলি বা মুগসাঁউলি, পাটিসাপ্টা, গোকুলপিঠে, পুরপিঠে আমাদের গ্রামবাংলা ও শহরাঞ্চলে নিজেদের অস্তিত্ব বাঁচিয়ে রেখেছে। এছাড়া জেলাভিত্তিক কতকগুলি অঞ্চলে অনেক পিঠে পুজো-পার্বণের সময় আজও তৈরি হয়ে থাকে, যেমন মেদিনীপুর জেলার ঘাটাল অঞ্চলে নোন্‌তা পিঠের মধ্যে নারিকেলবড়া, আঁসকে পিঠে, সরুচাক্‌লি, পুরপিঠে বেশ চলে।

৩। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক উনিশ শতকের বাংলা গদ্যসাহিত্যের ধারায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

খ) বাংলা গদ্য সাহিত্যের বিকাশে উইলিয়াম কেরি সাহেব এবং মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার মহাশয়ের অবদান আলোচনা করো।

৪। যে-কোনো **একটি** বিষয়ে টীকা লেখো। (১ × ৫)

ক) শকুন্তলা খ) পরিব্রাজক

৫। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। (২ × ১০)

ক) 'কবি মধুসূদন' সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো।

খ) কবি ঈশ্বরচন্দ্র গুপ্তের কাব্যকৃতিত্বের পরিচয় দাও।

গ) গিরিশচন্দ্র ঘোষের নাট্যপ্রতিভা নিয়ে আলোচনা করো।

ঘ) বঙ্কিমচন্দ্রের লেখা পারিবারিক জীবনের সংঘাত-সমস্যা সম্বন্ধীয় উপন্যাসগুলি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

৬। যে-কোনো **দুটি** বিষয়ে টীকা লেখো। (২ × ৫)

ক) রাজসিংহ খ) সারদামঙ্গল কাব্য

গ) বুড়ো শালিকের ঘাড়ে রোঁ ঘ) বৃত্রসংহার কাব্য

——— × ———